বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
প্রশাসন ও অর্থ ডিভিশন
এইচআর সেকশন
www.sec.gov.bd

স্মারক নম্বর: বিএসইসি/প্রশাসন/৩১:৬০/২০১৫(খন্ড-২)/৪৮

২৯ পৌষ ১৪৩২
তারিখঃ ------------------
১৩ জানুয়ারি ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ, পরিচালক (সাময়িক বরখাস্ত), বিএসইসি এর বিরুদ্ধে নিম্নবর্ণিত অভিযোগসমূহের উপর ভিত্তি করিয়া বিভাগীয় মামলা (নং ২৫/২০২৫) চালু করে তাঁর নিকট হতে কৈফিয়ত তলব করা হয়ঃ

১. তিনি কমিশনের ২০২০-২০২১ অর্থ বছরের সার্বিক কর্মকান্ডের উপর নিরীক্ষায় [বাণিজ্যিক অডিট অধিদপ্তরের স্মারক নম্বরঃ বাঅঅ/সে-১/দল নং-২/বিএসইসি/মেমো/২০২০-২০২১/২০, তারিখঃ০৩/০৪/২০২২ইং] নির্দেশনা থাকলেও প্রাপ্যতার অতিরিক্ত ঋণের ৬০,৯৯,২০৪ (ষাট লক্ষ নিরানব্বই হাজার দুইশত চার) টাকা এবং প্রাপ্যতার অতিরিক্ত ঋণ গ্রহণের ফলে সুদ বাবদ মার্চ/২০২২ পর্যন্ত সময়ের জন্য ৯,৪৫,৪০৮ (নয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার চারশত আট) টাকা কমিশনের তহবিলে যথাক্রমে ফেরৎ ও জমা প্রদান করেননি; এবং

২. কমিশনের পরিদর্শন টীম [নং- বিএসইসি/প্রশাসন/৩১:৬০/২০১৫-৫৩১, ২২ জানুয়ারি ২০২৫ এর মাধ্যমে গঠিত টীম (ক) জনাব মোহাম্মদ গোলাম কিবরিয়া, অতিরিক্ত পরিচালক, বিএসইসি, (খ) জনাব মো: মোস্তাফিজুর রহমান, উপপরিচালক, বিএসইসি, (গ) জনাব মোঃ তৌহিদুল ইসলাম সাদ্দাম, সহকারি পরিচালক, বিএসইসি] কর্তৃক সরেজমিনে পরিদর্শনে ভবনের অস্তিত্ব নেই মর্মে উল্লেখ করে ২৩/০২/২০২৫ তারিখে প্রতিবেদন দাখিল করে কিন্তু তিনি ভবন নির্মাণ না করে অর্থাৎ ভবন নির্মাণের জন্য গৃহীত ২৫ লক্ষ টাকা কমিশনে ফেরত প্রদান করেননি; এবং

৩. প্রতিবেদন অনুযায়ী তফসীলভুক্ত জমিতে ভবনের অস্তিত্ব নাই কিন্তু অনুমোদিত নকশা অনুযায়ী ৫ (পাঁচ) তলা ভবনের ভিত্তিসহ প্রথম তলার কাজ সম্পাদন করা হয়েছে মর্মে তিনি উল্লেখ করে বিগত ০৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখে কমিশনকে সত্য নয় এমন তথ্য প্রদান করেছেন; এবং

৪. তিনি বাড়ি নির্মাণের অগ্রিম মঞ্জুরী পত্র [বিএসইসি/প্রশাসন/৩১:৬০/২০১৫-৮৬৩, তারিখঃ ৩১ আগস্ট ২০২১] এর ৩নং শর্তানুযায়ী অগ্রিম গ্রহণের তারিখ হতে নির্ধারিত সময়ে [অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে অর্থাৎ ২৮ ফেব্রুয়ারি ২০২২] Deed of Agreement for Further Charge সম্পাদন করেননি কিংবা কোন প্রকার আবেদন করেননি; এবং

৫. তিনি ১২ আগস্ট ২০২৪ তারিখে বাড়ির আভ্যন্তরীণ সাজসজ্জা ও উন্নয়নমূলক কাজের জন্য আরও ২৫ (পঁচিশ) লক্ষ টাকার আবেদন করেছেন অর্থাৎ বাড়ি না করে অভ্যন্তরীণ সাজসজ্জা ও উন্নয়নমূলক কাজের নামে আত্মসাতের উদ্দেশ্য আবেদন করেছেন; এবং

৬. তিনি ২২ জানুয়ারি ২০২৫ তারিখে পরিদর্শন প্রতিবেদনে ভবনের অস্তিত্ব নাই অর্থাৎ ভবন নির্মাণ না করে নির্মাণ সম্পর্কিত ব্রিক ওয়ার্ক, ইট, সিমেন্ট, রড, বালু ও অন্যান্য মালামাল ক্রয় বাবদ বিগত ২৩ ফ্রেব্রুয়ারি ২০২২ তারিখে ৯ (নয়) টি ভাউচারের মাধ্যমে ৪০,৭৩,০৭০.০০ (চল্লিশ লক্ষ তিয়াত্তর হাজার সত্তর) টাকার বিল-ভাউচার কমিশনে দাখিল করেছেন;

২। যেহেতু, উপরোক্ত ১ থেকে ৬নং ক্রমিকের প্রত্যেকটি অভিযোগে জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ, পরিচালক (সাময়িক বরখাস্ত), বিএসইসি -এর বিরুদ্ধে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১' এর বিধি ৩৬ (আচরণ ও শৃঙ্খলা) এর উপবিধি ৩৬(১)(ক) ও ৩৬(১)(গ) এবং বিধি ৪৮, ৪৯(ক)(খ) ও (চ) এবং তৎসহ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ২ এর অন্তর্ভুক্ত "দায়িত্ব পালনে অবহেলা" বা "অসদাচরণ (Misconduct)", "চুরি, আত্মসাৎ, তহবিল তছরুপ, প্রতারণা" এর অভিযোগ উত্থাপিত হয় এবং উক্ত অভিযোগে ০৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৯৭২তম কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক গত ১৭/০৯/২০২৫ তারিখে তাঁর বিরুদ্ধে কমিশন বিভাগীয় মামলা (মামলা নং-২৫/২০২৫) রুজু করে ১০ (দশ) কার্যদিবস সময় দিয়ে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

৩। যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব দাখিল করেন কিন্তু ব্যক্তিগত শুনানীর আবেদন করেননি এবং দাখিলকৃত জবাব ও অভিযোগ পর্যালোচনাপূর্বক অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের সম্ভাবনা থাকায় ন্যায়বিচারের স্বার্থে অভিযোগসমূহ তদন্ত করার জন্য ২৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৯৭৪তম কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব রিপন কুমার দেবনাথ, নির্বাহী পরিচালক, বিএসইসি-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক ২৭/১১/২০২৫ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উপরে বর্ণিত অভিযোগসমূহের মধ্যে ক্রমিক ২, ৩, ৫ ও ৬ এর অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখক্রমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি ২(১), ৩৬(১)(ক) এবং ৩৬(১)(গ) এবং এ বিধিমালার বিধি ৪৮ সংশ্লেষ্টে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) তৎসহ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি ৪৯(খ) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এর প্রেক্ষিতে দন্ডের ভিত্তি প্রতিষ্ঠিত হয়েছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করেন। তবে, দায়িত্ব পালনে অবহেলা, চুরি, আত্মসাৎ, তহবিল তসরূপ বা প্রতারণার অভিযোগসমূহ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেন; এবং

৫। যেহেতু, ০৯ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৯৮৭তম কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনাক্রমে তাঁর বিরুদ্ধে উপরোল্লিখিত ২, ৩, ৫ ও ৬ ক্রমিকে বর্ণিত 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কমিশন বর্ণিত বিধির আওতায় তাঁকে দোষী সাব্যস্ত করে তাঁর বিরুদ্ধে গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে এবং এ প্রেক্ষিতে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত বা অন্য কোনো গুরুদন্ড আরোপ করা হবে না মর্মে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর বিধি ৫৩ এর উপবিধি-(৬) অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে তাঁকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হয়; এবং

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৯/১২/২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন, যা কমিশনের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

৭। যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজাদি ও প্রাসঙ্গিক বিধি-বিধান পর্যালোচনা ও বিবেচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী বিধিমালা, ২০২১ এর বিধি ৫০ এর আওতায় গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত ৯৯১তম কমিশন সভায় চূড়ান্তভাবে বহাল রাখা হয়। উল্লেখ্য, প্রমাণিত তার কর্মকান্ডের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় গুরুদন্ড হিসেবে অপসারণ বা বরখাস্তের শাস্তি আরোপযোগ্য হলেও মানবিক ও আর্থিক দিক বিবেচনায় তাঁকে বাধ্যতামূলক অবসর প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে,

৮। সেহেতু, ৯৯১তম কমিশন সভায় কমিশন কর্তৃক জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ, পরিচালক (সাময়িক বরখাস্ত), বিএসইসি-কে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১' এর বিধি ২(১) ও ৪৯(খ) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৫০(খ)(ই) এর আওতায় "বাধ্যতামূলক অবসর" নামীয় গুরুদন্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত সিদ্ধান্ত মোতাবেক জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ, পরিচালক (সাময়িক বরখাস্ত), বিএসইসি- কে বাধ্যতামূলক অবসর প্রদান করা হলো।

৯। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কমিশনের আদেশক্রমে,

খন্দকার রাশেদ মাকসুদ
চেয়ারম্যান (সিনিয়র সচিব)
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
ইমেইল: chiarman@sec.gov.bd

জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ
পরিচালক (সাময়িক বরখাস্ত)
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, বীমা ও পুঁজিবাজার অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। নির্বাহী পরিচালক (সকল), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।
৪। পরিচালক, এমআইএস, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, কমিশনারগণ, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।
৮। জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ-
**(ক) স্থায়ী ঠিকানা:** জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ, পিতা- জনাব কে. এম. সালাহ উদ্দিন, গ্রাম- কর্পুরকাঠি, ডাকঘর- কালাইয়া, থানা- বাউফল, জেলা- পটুয়াখালী;
**(খ) বর্তমান ঠিকানা:** জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ, বাড়ি নম্বর-১৩, নভোদয় হাউজিং, রোড- ০৩, মোহাম্মদপুর, থানা: মোহাম্মদপুর, পোস্ট অফিস- মোহাম্মদপুর, ঢাকা-১২০৭)।
৯। অফিস কপি।